

নং-৪০.০০.০০০০.০১১.২৭.০২২.২০-৬৯

২৫ মাঘ ১৪২৮
তারিখঃ-----
০৮ ফেব্রুয়ারি ২০২২

প্রজ্ঞাপন


যেহেতু, জনাব জসিম উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, মূল পদবি: ব্যক্তিগত কর্মকর্তা এর বিরুদ্ধে এ মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ৪৮ জন শ্রম পরিদর্শকের এসিআর ঘষামাজা/টেম্পারিং এর সাথে জড়িত থাকার দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২ (খ) ও ৩ (খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ আনয়ন করা হয়;

০২। যেহেতু, জনাব জসিম উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা, মূল পদবি: ব্যক্তিগত কর্মকর্তা এর ব্যক্তিগত শুনানী, লিখিত বক্তব্য, তিনটি তদন্ত কমিটির রিপোর্ট, আনুসঙ্গিক কাগজাদি ও নথিপত্র পর্যালোচনা করে এবং পারিপার্শ্বিক অবস্থা বিবেচনায় এনে প্রতীয়মান হয় যে, তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২ (খ) ও ৩ (খ) অনুযায়ী আনীত অভিযোগ অর্থাৎ 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত। তাই তিনি দোষী এবং শাস্তি পাওয়ার যোগ্য;

০৩। সেহেতু, জনাব জসিম উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (মূল পদবি: ব্যক্তিগত কর্মকর্তা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-২ (খ) ও ৩ (খ) মোতাবেক অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ (১) (ক) এ বর্ণিত বিধি অনুসরণক্রমে বিধি ৪ (২) (ক) অনুযায়ী তিরস্কার দণ্ড প্রদান করা হলো এবং বিধি ৪ (২) (খ) অনুযায়ী আগামী ০১ (এক) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত করার দণ্ড প্রদান করা হল;

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোঃ এহছানে এলাহী
সচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
ফোন: ৯৫১৪৩৬৬

ই-মেইল: secretary@mole.gov.bd

২৫ মাঘ ১৪২৮

নং-৪০.০০.০০০০.০১১.২৭.০২২.২০-৬৯

তারিখঃ-----
০৮ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৩. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, ৪র্থ তলা, সেগুনবাগিচা, ঢাকা
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬. জনাব জসিম উদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা (মূল পদবি: ব্যক্তিগত কর্মকর্তা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. অফিস কপি

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়